নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অযু করলেন। আর অযুতে তিনি মাথার অগ্রভাগ এবং পাগড়ি ও মোজার উপর মাসাহ করলেন।

মুগীরা বিন শু‘বা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অযু করলেন। আর অযুতে তিনি মাথার অগ্রভাগ এবং পাগড়ি ও মোজার উপর মাসাহ
করলেন।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

মুগীরা বিন শু‘বা রাদিয়াল্লাহু আনহু সংবাদ দিচ্ছেন যে, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অযু করার সময় মাথার অগ্রভাগ তথা কপাল মাসেহ করেছেন। তা হচ্ছে, মাথার চুলের অগ্রভাগ। অতঃপর সম্পূর্ণ পাগড়ির উপর মাসেহ করেছেন। মাথার সামান্য অংশ মাসেহ করাকে যথেষ্ট মনে করেননি; বরং সম্পূর্ণ পাগড়ির উপর মাসেহ করেছেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অভ্যাস হলো মোজার উপর মাসেহ করা। যেমন এ হাদীসে ও অন্যান্য হাদীসে এসেছে। সুবুলুস সালাম (১/৭২, ৮১), তাসহীলুল ইলহাম (১/১৩৫)

https://sunnah.global/hadeeth/bn/show/8382